গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
ভবঘুরে কার্যক্রম শাখা
সমাজসেবা ভবনই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭, বাংলাদেশ।
www.dss.gov.bd

'শেখ হাসিনার হাতটি ধরে, পথের শিশু যাবে ঘরে,

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৪.১৬.০০১.২২.৩

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

বিষয়: **মুমূর্ষু রোগীকে সংশ্লিষ্ট জেলা/উপজেলার হাসপাতালে চিকিৎসা সেবা প্রদানের পর আশ্রয় কেন্দ্রে প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সরকারি আশ্রয় কেন্দ্রসমূহে প্রায়শই দেখা যায় যে, তীব্রমাত্রার প্রতিবন্ধী এবং গুরুতর অসুস্থ্য ব্যক্তিদেরকে দেশের বিভিন্ন জেলা/উপজেলা হতে এ্যাম্বুলেন্সে করে পাঠানো হয়। কিন্তু এ সকল নিবাসীদের সেবা দেওয়ার জন্য কোন মহিলা আয়া বা এটেনডেন্ট অত্র প্রতিষ্ঠানসমূহে নেই। তাছাড়া অত্র প্রতিষ্ঠানে চিকিৎসা খাতে যে অর্থ বরাদ্দ দেয়া হয় তা চাহিদার তুলনায় অত্যন্ত অপ্রতুল। ফলে তাদের চিকিৎসাসেবা নিশ্চিত করতে প্রতিষ্ঠান প্রধান কে অত্যন্ত সমস্যার সম্মুখীন হতে হয়।

উল্লেখ্য বিষয়টি 'ভবঘুরে উপদেষ্টা বোর্ড'-এর ৩য় সভায় উত্থাপিত হয় এবং উক্ত সভার কার্যবিবরণীর ০৯ নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন জটিল রোগে আক্রান্ত ভবঘুরে/নিরাশ্রয় ব্যক্তিদেরকে স্থানীয় হাসপাতালে চিকিৎসা প্রদানের পর আশ্রয় কেন্দ্রগুলোতে আইন অনযায়ী প্রেরণের বিষয়ে স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে ব্যক্তিগত যোগাযোগ ও সম্পর্ক উন্নয়নের মাধ্যমে বিষয়টি সুরাহা করার ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়েছে ।

এমতাবস্থায় জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালকসহ তাঁর অধীনস্ত সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে গুরুতর অসুস্থ (ভবঘুরে/নিরাশ্রয়) রোগীদের স্থানীয় হাসপাতালে প্রাথমিক চিকিৎসা প্রদান করার পর সরকারি আশ্রয় (অভ্যর্থনা) কেন্দ্র , মিরপুর, ঢাকাসহ অন্যান্য আশ্রয় কেন্দ্রগুলোতে প্রেরণের বিষয়ে স্থানীয় প্রশাসনের সাথে ব্যক্তিগত যোগাযোগ ও সম্পর্ক উন্নয়নের বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০-১০-২০২২
মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী
পরিচালক

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৪.১৬.০০১.২২.৩/১(১৮৯)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপজেলা সমাজসেবা অফিসার (সকল)

১০-১০-২০২২
মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী
পরিচালক